

স্মারক নং-৪৬.০০.৮৮০০.০১৭.২৭.০০২.১৭. ৭৮৫

তারিখ : ১৯ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ।  
০৪ অক্টোবর, ২০১৭ খ্রিষ্টাব্দ।

### প্রজ্ঞাপন


যেহেতু, সিরাজগঞ্জ জেলার সদর উপজেলাধীন কালিয়াহরিপুর ইউনিয়ন পরিষদের ২নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ রেজাউল করিম এর বিরুদ্ধে ইউপি চেয়ারম্যানের স্বাক্ষর জাল করে জনগণের মধ্যে চারিত্রিক ও নাগরিক সনদপত্র বিতরণ করছেন মর্মে প্রাপ্ত অভিযোগটি তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, সিরাজগঞ্জ জেলার সদর উপজেলার কালিয়াহরিপুর ইউনিয়ন পরিষদের ২নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ রেজাউল করিম এর বিরুদ্ধে অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় জেলা প্রশাসক, সিরাজগঞ্জ কর্তৃক উক্ত ইউপি সদস্যকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর বিধান মোতাবেক উক্ত সদস্যের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, সিরাজগঞ্জ অনুরোধ জানিয়েছেন;

যেহেতু, জেলা প্রশাসক, সিরাজগঞ্জ এর তদন্তে অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে এবং তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, সিরাজগঞ্জ জেলার সদর উপজেলাধীন কালিয়াহরিপুর ইউনিয়ন পরিষদের ২নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ রেজাউল করিম এর বিরুদ্ধে চেয়ারম্যানের স্বাক্ষর জাল করে জনগণের মধ্যে চারিত্রিক ও নাগরিক সনদপত্র বিতরণ সংক্রান্ত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় এবং উক্ত ইউপি সদস্য কর্তৃক ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪ উপধারা (১) অনুযায়ী উল্লিখিত ইউপি সদস্যকে তাঁর স্বীয় পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।


  
(ড. সৈয়দা নওশীন পার্বিনী)  
সিনিয়র সহকারী সচিব  
৯৫৮৬৬০৫  
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৮৮০০.০১৭.২৭.০০২.১৭. ৭৮৫

তারিখ : ১৯ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ।  
০৪ অক্টোবর, ২০১৭ খ্রিষ্টাব্দ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। জনাব মোঃ রেজাউল করিম, সদস্য, ০২নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত), কালিয়াহরিপুর ইউনিয়ন পরিষদ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।

  
(ড. সৈয়দা নওশীন পার্বিনী)  
সিনিয়র সহকারী সচিব